# সমাচার দর্পণ

১১১৮ সংখ্যা। বালম ১৮।] ১৭ দিসেম্বর ১৮৩৬ সাল শনিবার ১২৪৩ সাল ৪ পৌষ। SATURDAY, DECEMBER 17TH. 1836. [মুল্য মাসে ১ টাকা।

No. 1118. VOL. XVIII.] **Published at Serampore every Saturday Morning.** [*Price—1 Rupee monthly.*


## ইশতেহার।

### সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছেযে আগামি ২২ দিসেম্বর বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব রেবতী দাসীর বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতানগরের মলঙ্গার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত দোতালা এক গৃহ বসতবাটী ও তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৲ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রেবতী দাসীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এই রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে বিশ্বনাথ মতিলালের বাগান। পশ্চিম দিগে উক্ত বিশ্বনাথ মতিলালের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগের কিয়দংশে বাবু রাম শীলের বাটী ও ভূমি। অপরাংশে স্বরূপ আঢ্যের বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

---

### সদর দেওয়ানীর মোকদ্দমা বিলাত আপীলকরণের বিষয়ে খবর দেওয়া যাইতেছে।

এক মাতবর সাহেব বিলাতে এক এজেন্সি হৌস করিয়াছেন। সদর দেওয়ানীর মোকদ্দমা বিলাতে বাদশাহী কৌন্সেলে আপীল করিবার কারণ ঐ সাহেব সদর দেওয়ানীহইতে আপীলের মোকদ্দমা কিছু লইয়া বিলাত গিয়াছিলেন তাহা হাসিল করিয়া সংপ্রতি কলিকাতায় আসিয়াছেন এবং প্রিবি কৌন্সেলের ভারি জমিদারীসম্পর্কীয় আর এক ডিক্রী রদ করিয়াছেন এমতপ্রকার কেহ কখন করিতে পারেন নাই। সদর দেওয়ানীর মোকদ্দমার উপর বিলাত আপীল করিবার কারণ এবং যে সকল ভারি মোকদ্দমা বহু কালাবধি বিলাত আপীলে শেষ হয় নাই তাহাও হাসিল করিবার কারণ বিলাতে অতিউপযুক্ত কৌন্সেলি মোকরর করিয়াছেন এবং বিলাতে কোম্পানির তরফ উকীল মিসর্স এড্‌বার্ড ও জান লাফোর্ড সাহেব মোকরর আছেন তাঁহারদিগকে উকীল নিযুক্ত করিয়াছেন অতএব যাঁহারদিগের মোকদ্দমা বিলাত আপীলে আছে কিম্বা করা আবশ্যক হয় তাঁহারা মিসর্স মেরনেল ও এলেন সাহেবের আপীসে আসিয়া আপন২ আহওয়াল জানাইবেন ঐ সাহেবের দ্বারা মোকদ্দমার তদবীরাত হইতে পারিবেক ইতি।

## ইশতেহার

### ভূমি বিক্রয়।

ধর্ম্মতলার রাস্তায় মৃত জান কুক সাহেবের বহুমূল্য ভূমি।

ইশতেহার দেওয়া যাইতেছে যে আগামি জানুআরি মাসের প্রথম কোন তারিখে (ঐ তারিখের এত্তেলা তাহার পূর্ব্বে দেওয়া যাইবে) মৃত জান কুক সাহেবের ইষ্টেটের একসেক্যুটরের আজ্ঞাক্রমে মোর হিকি কোম্পানি ৬০,০০০ কোম্পানির টাকাতে নীচে লিখিতব্য ভূমি নীলামে ধরিয়া যে ব্যক্তি অধিক ডাকিবে তাহার নিকটে বিক্রয় করিবেন।

বিশেষতঃ ধর্ম্মতলার রাস্তায় যে অতিপ্রসিদ্ধ ও বহুমূল্য ও বৃহৎ বাটী ও ভূমিতে বহুকালাবধি মৃত কুক সাহেবের লিবরি ষ্টবল অর্থাৎ অশ্বশালা ছিল তাহা এই ক্ষণে কুক কোম্পানি মাসে সিক্কা ৫০০ টাকাতে ভাড়া করিয়া আছেন তাঁহারা ঐ কেরায়াতে আগামি ১ দিসেম্বর তারিখঅবধি সাড়ে তিন বৎসরের নিমিত্ত ভাড়া লইয়াছেন এবং এই বন্দোবস্ত আছে যে ঐ বাটীর মেরামতীকার্য্য তাঁহারা নিজ খরচে করিবেন।

ঐ ভূমি সর্ব্বসুদ্ধ ৪৷৷২ চারি বিঘা বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক এবং তাহা সংপ্রতি বর্ণ কোম্পানির দ্বারা কোম্পানির ৫২৭৮৸৶৯ খরচে সম্পূর্ণরূপে মেরামৎ হইয়াছে।

অনেক বৎসরাবধি ধন অর্পণের নিমিত্ত সর্ব্বসাধারণ লোকের প্রতি যেমন সুযোগের প্রস্তাব হয় নাই তদ্রূপ সুযোগ এই ক্ষণে এই বাটী বিক্রয়েতে দর্শান যাইতেছে।

---

### ভূমি বিক্রয়।

বিজ্ঞাপন করা যাইতেছে যে নীচে লিখিতব্য ইষ্টেটের সম্পত্তি পূর্ব্বে যদ্যপি খোস কবালায় বিক্রীত না হয় তবে আগামি ২০ দিসেম্বর তারিখে আসৈনি সাহেবের আজ্ঞাক্রমে মোর হিকি কোম্পানি আপনারদের নীলাম ঘরে পবলিকসেলে অর্থাৎ নীলামে উচ্চতম মূল্য প্রদায়ক গ্রাহকের স্থানে তাহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ

ঈশ্বরচন্দ্র বাঁডুয্যের ইষ্টেটের মধ্যে যে ভূমি সম্পত্তি অদ্যাপি বিক্রয় হয় এবং অন্যেরদের স্থানে অদ্যপর্য্যন্ত যাহা পাওনা আছে তাহা বিক্রয় হইবে।

রাধাকান্ত দাসের ইষ্টেটের ঐ ঐ ঐ
বদন মণ্ডলের ইষ্টেটের ঐ ঐ ঐ
মদনমোহন মল্লিকের ইষ্টেটের ঐ ঐ ঐ
জন কেয়ার্ড সাহেবের ইষ্টেটের ঐ ঐ

কোর্ট হৌস স্ত্রিটে আসৈনী সাহেবের দপ্তরে অন্বেষণ করিলে ইহার বিশেষ বেওরা জানিতে পারিবেন।

## ইশতেহার।

### ভুবন প্রকাশ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবন প্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশ ভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় কিম্বা মোং কলিকাতার কবরডাঙ্গার থানার দক্ষিণ বড়রাস্তার ধারে ১৫৭ নম্বর ভবনে প্রভাকর আফীসে আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

---

### আগ্রা ও বঙ্গ রাজধানীর রাজস্বসম্পর্কীয় আইনের পথদর্শক গ্রন্থ।

এই গ্রন্থের মধ্যে সরকারী রাজস্ববিষয়ক যত আইন রদ না হইয়া কলিকাতা ও আগ্রা রাজধানীর অধীন দেশের মধ্যে চলিত আছে তাহা সংগৃহীত হইয়াছে। বোধ হয় এক আইনও বাকী নাই এবং যে সকল আইন কৌন্সেলেশ্রীযুতকোম্পানি বাহাদুরের আজ্ঞাক্রমে তর্জমা হইয়াছিল তাহাই অবিকল মুদ্রাঙ্কিত হইয়াছে। এবং প্রত্যেক প্রকরণের নিম্নভাগে ঐ বিধি কোন২ আইনহইতে সংগ্রহ হইয়াছে তাহা অতিস্পষ্টরূপে লেখা গিয়াছে। কোন২ স্থানে বঙ্গদেশে এক আইন জারী হইয়া তৎপরে তাহা অবিকল অন্যান্য প্রদেশ অর্থাৎ বারাণস ও জয়প্রাপ্ত ও দত্তদেশে বিস্তারিত হইয়াছে। এই স্থলে ঐ বিধান বারম্বার প্রকাশ না হইয়া কেবল তাহার নিম্নভাগে এইমাত্র লেখা আছে যে কোন২ আইনের দ্বারা এইসকল বিধান অন্যান্য দেশে চলন হইয়াছে এবং তাহার পার্শ্বে ঐ সকল দেশের নাম স্পষ্ট লিখিত আছে। অতএব যে স্থানের পার্শ্বে কোন দেশের নাম লিখিত নাই সে স্থলে এমত বোধ করিতে হইবে যে ঐ বিধান সর্ব্বসাধারণ প্রদেশেই চলন আছে। কেবল পশ্চিম প্রদেশে যে আইন চলন হয় তাহার মধ্যে কোন২ আইন গবর্ণমেণ্টের আজ্ঞায় বঙ্গভাষাতে তর্জমা হয় নাই। তদ্রূপ আইনের স্থলে কেবল এইমাত্র লেখা গিয়াছে যে এই আইন তর্জমা হয় নাই অতএব পাঠক মহাশয়েরা যে স্থলে ঐ কথা দেখিবেন সেই স্থলে বোধ করিবেন যে তাহা বঙ্গাদি প্রদেশে চলন না হওয়াপ্রযুক্তই তর্জমা হয় নাই। প্রত্যেক বিষয়ের যে২ বিধান তাহা নানা আইনহইতে সংগ্রহ করিয়া একই অধ্যায় বা একই প্রকরণের মধ্যে অর্পণ করা গিয়াছে।

এই গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক বালমের মূল্য ১০ টাকা।

## ইশতেহার।

### রামায়ণ।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের ত্তউম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

---

### অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি।

সর্ব্বজনের জ্ঞাপনার্থ প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্ব স্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। অহ্নিকাচার। প্রায়শ্চিত্ত জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেলদবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

### দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

---

*Just published from the Serampore Press,*

THE

**HISTORY OF INDIA,**

FROM

REMOTE ANTIQUITY TO THE ACCESSION OF THE MOGUL DYNASTY;

COMPILED

FOR THE USE OF SCHOOLS,

BY

JOHN C. MARSHMAN.

*Price, Eighteen Annas.*

টি পাইয়াছেন শ্রীযুত জি জি মাকিন্টস সাহেব তাঁহার অনুপস্থানপর্য্যন্ত তাবৎ চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাখরগঞ্জের সিবিল ও সেসন জজ শ্রীযুত আর ডবলিউ মাকসুএল সাহেব ঐ জিলার মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেবকে স্বীয় কর্ম্মের ভার অর্পণ করণার্থ হুকুম পাইয়াছেন ঐ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত তত্রস্থ সিবিল ও সেসন জজের তাবৎ চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মুরশিদাবাদের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত ই ডিড্‌স সাহেব উইঞ্জর জাহাজ অর্থাৎ যে জাহাজে তিনি ইঙ্গলণ্ডে গমনার্থ মনস্থ করিয়াছেন সেই জাহাজ যে পর্য্যন্ত প্রস্থান না করে সেই পর্য্যন্ত কলিকাতায় অবস্থিতি করণার্থ অনুমতি পাইয়াছেন।

বর্দ্ধমানের একটিং উপরি জজ শ্রীযুত রাবর্ট নিব সাহেব ছুটি লইয়া বিলাত গমনের পূর্ব্বে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি১৫ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

মুঙ্গেরের সংপ্রতিকার একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত এ লাঙ্গ সাহেব রিপল্‌সনামক জাহাজ অর্থাৎ যে জাহাজে তিনি ইঙ্গলণ্ডে গমন করিবেন সেই জাহাজ যেপর্য্যন্ত না গমন করে সেই পর্য্যন্ত কলিকাতা রাজধানীতে অবস্থিতিকরণার্থ অনুমতি পাইয়াছেন।

বর্দ্ধমানের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জি এন চিক সাহেব গত ২৫ অক্টোবর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনর দিবসের ছুটি পাইয়াছেন।

বাখরগঞ্জের সিবিলসম্পর্কীয়েরদের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জে সি স্মিথ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতা রাজধানীতে আগমনার্থ বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি আগামি জানুআরি মাসের ১৬ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন।

বীরভূমের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীম অস্বাস্থ্যপ্রযুক্ত গত মাসের ২৫ তারিখঅবধি সাড়ে তিন মাসের ছুটি পাইয়াছেন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীমের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত পীতাম্বর তর্কবাগীশ পণ্ডিত সদর আমীনের কার্য্য নির্ব্বাহ করণার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

৩০ নবেম্বর।

হরিয়ানার মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত রাবর্ট নিব সাহেব ছুটি লইয়া বিলাত গমনের অনুমতি পাইয়াছেন।

১৯ নবেম্বর।

গোরক্ষপুরের সিবিলও সেসন জজ শ্রীযুত জে কার্টর সাহেব গত ১৫ ফেব্রুআরি তারিখে যে ছুটি পান তাহার অনুত্তীর্ণকাল বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি রহিত হইয়াছে।

২১ নবেম্বর।

পদাতিক সৈন্যের ১৪ সংখ্যক রেজিমেণ্টের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডি গলান সাহেব শাহাজানপুরের সিবিলসম্পর্কীয়েরদের চিকিৎসকতা কার্য্য নির্ব্বাহকরণার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

২৩ নবেম্বর।

শ্রীলশ্রীযুত লেপ্টেনন্ত গবর্নর সাহেব মৈনপুরীর জিলা আদালতের সনন্দধারি উকীলেরদের মনোনীত ও নিয়োগ ও মিহনতআনা দেওনবিষয়ে ১৮৩৩ সালের ১২ আইনের বিধি সকল ঐ জিলার মধ্যে চলনার্থ হুকুম করিয়াছেন।

শ্রীযুত এচ ডবলিউ ডিন সাহেব বান্দার কালেকটরের কার্য্য নির্ব্বাহার্থ অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

২৪ নবেম্বর।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

শাহরানপুরের সিবিল ও সেসন জজ শ্রীযুত জি ডবলিউ বেকন্ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন।

কানপুরের সিবিল ও সেসন জজ শ্রীযুত সি এফ তামসন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটি পাইয়াছেন।

charge. Mr. G. G. Mackintosh will conduct the current duties of his office during his absence.

Mr. R. W. Maxwell, Civil and Session Judge of Backergunge, has been authorized to deliver over charge of his office to Mr. H. Stainforth, the Magistrate and Collector of that District, who will conduct the current duties of the office of Civil and Session Judge, until further orders.

Mr. E. Deedes, Joint Magistrate and Deputy Collector of Moorshedabad, to remain in Calcutta until the departure of the Ship *Windsor*, on which vessel he intends proceeding to England.

Mr. Robert Neave, officiating Additional Judge of Burdwan, from the 1st to the 15th instant, on medical certificate, previously to his proceeding on Furlough.

Mr. A. Lang, late officiating Joint Magistrate and Deputy Collector of Monghyr, to remain at the Presidency till the sailing of the Ship *Repulse*, on which vessel he has taken his passage to England.

Mr. G. N. Cheek, Assistant Surgeon of Burdwan, for fifteen days, on medical certificate, in extension of the leave granted to him on the 25th October last.

Mr. Assistant Surgeon J. C. Smith, attached to the Civil Station of Backergunge, from the 25th instant to the 16th January next, to visit the Presidency, on private affairs.

Moulavee Mahommed Kulleem, Sudder Ameen in Zillah Beerbboom, for three months and a half, from the 25th ultimo, on account of illness. Pundit Petumber Turkobaghees is authorized to officiate as Sudder Ameen during the absence of Moulavee Mahommed Kulleem.

*30th November.*

Mr. Robert Neave, Magistrate and Collector of Hurreeana, is permitted to proceed to England on Furlough.

*19th November.*

The unexpired portion of the leave of absence granted to Mr. J. Carter, Civil and Session Judge of Goruckpore, on the 15th February last, is cancelled from the 11th instant.

*21st November.*

Mr. Assistant Surgeon D. Gullan, of the 14th Regiment N. I. has been authorized to take charge of the Medical duties of the Civil Station of Shahjehanpore.

*23d November.*

The Hon'ble the Lieutenant Governor has been pleased to extend the Provisions of Regulation XII. of 1833, regarding the selection, appointment and remuneration of authorized Pleaders to the Zillah Court of Mynpooree.

Mr. H. W. Deane is appointed to officiate as Collector of Banda.

*24th November.*

The following officers have obtained leave of absence :

Mr. G. W. Bacon, Civil and Sessions Judge of Seharunpore, for one month, on his private affairs.

Mr. C. F. Thompson, Civil and Sessions Judge of Cawnpore, for one month, on medical certificate.

আলাহাবাদস্থ বিশেষ নিমক হাসিল কালেকটর শ্রীযুত সি সি পার্কস সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটি পাইয়াছেন শ্রীযুত পার্কস সাহেব তত্রস্থ মাজিস্ত্রেট ও কালেকটরের আসিষ্টান্ট শ্রীযুত জি এ ক্রেগি সাহেবকে স্বীয় কর্ম্মের ভার অর্পণার্থ অনুমতিপ্রাপ্ত হইয়াছেন।

২৫ নবেম্বর।

শ্রীযুত এচ এস রেবন্সা সাহেব দিল্লী রাজ্যের উত্তর প্রদেশের মাজিস্ত্রেট ও কালেকটরের অধীন জাইন্ট মাজিস্ত্রেট ও কালেকটরের ক্ষমতানুসারে কর্ম্ম করিতে অনুমতি পাইয়াছেন।

Mr. C. C. Parks, Collector of the Special Salt Duty at Allahabad, for three months, on his private affairs. Mr. Parks has been authorized to make over charge of his office to Mr. J. A. Craigie, Assistant to the Magistrate and Collector.

*25th November.*

Mr. H. S. Ravenshaw is authorized to exercise the powers of Joint Magistrate and Deputy Collector under the Magistrate and Collector Northern Division, Delhi Territory.

# সমাচার দর্পণ

শনিবার ১৭দিসেম্বর ১৮৩৬।

## শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ড বাদশাহের বিলাতে আপীল।

কিয়ৎকাল হইল এতদ্দেশহইতে শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ড বাদশাহের হজুর কৌন্সেলে যে সকল আপীল হয় তদ্বিষয়ে পার্লিমেণ্ট এক নূতন নিয়ম করিয়াছেন। তদ্দ্বারা ঐ আপীল নিষ্পত্তি হওনের বিলক্ষণ সুযোগ হইয়াছে এবং ইহার বিংশতি বৎসর পূর্ব্বে যত আপীল নিষ্পত্তি হয় নাই তত আপীল ঐ নিয়মক্রমে তিন বৎসরের মধ্যে নিষ্পত্তি হইয়াছে। এইক্ষণে দর্পণের প্রথম পৃষ্ঠের প্রথম কলমে যে ইশ্তেহার প্রকাশ করা গেল তদ্দ্বারা অবগম হইতেছে যে ইঙ্গলণ্ড দেশে আপীলের আরো অধিক সুযোগকরণার্থ এক এজেন্সী অর্থাৎ মুক্তিয়ারী পদ সংস্থাপিত হইয়াছে এবং যে মহাশয় তাহা সংস্থাপন করিয়া কর্ম্মি লোকেরদের নিকটে ঐ কর্ম্মের প্রার্থনা করেন তিনি ইহার পূর্ব্বে ইঙ্গলণ্ড দেশে অনেক মোকদ্দমার আপীলে কৃতকার্য্য হইয়াছেন অতএব ইঙ্গলণ্ড দেশে আপীলকরণবিষয়ে এতদ্দেশীয় লোকেরদের পক্ষে যে এক মহাবিঘ্ন ছিল তাহা এইক্ষণে একপ্রকারে দূর হইয়া চূড়ান্ত আপীলকরণের বক্রপথ অতিসোজা হইল।

—

## চীন দেশ।

কওয়াসজী ফেমলিনামক যে জাহাজ সংপ্রতি কলিকাতায় পঁহুছে তদ্দ্বারা অত্যশুভ সম্বাদ আসিয়াছে। পাঠক মহাশয়েরা অবগত থাকিতে পারেন যে কিয়ৎকাল হইল মাসুল লইয়া চীন দেশে আফীন আমদানীকরণের অনুমতি দেওন বিষয়ে পিগিনের রাজদরবার ও কাণ্টনের গবর্ণমেণ্টের মধ্যে লিখন পঠন হওয়াতে আগামি ১ জানুআরি তারিখঅবধি চীন দেশে ব্যবস্থামত আফীন আমদানীকরণের সম্ভাবনা ছিল কিন্তু সম্পূর্ণরূপেই তৎকল্পের পরিবর্ত্তন হইয়াছে। বোধ হয় পিগিনের কোন মন্ত্রী শ্রীলশ্রীযুত বাদশাহের মনের পরিবর্ত্তন করিয়াছেন এবং আফীনের বাণিজ্যবিষয়ে ও আফীন ব্যবহারকরণে অনুমতির হুকুম দেওয়া দূরে থাকুক এইক্ষণে আফীনের বাণিজ্য একেবারে নিষিদ্ধকরণ ও যাহারা ঐ বাণিজ্যে প্রবৃত্ত আছে তাহারদের কঠিন শাস্তি দেওন বিষয়ের আজ্ঞা প্রেরিত হইয়াছে ইহাতে এই ফল দর্শিল যে গত নবেম্বর মাসের প্রথমাবধি আফীনের বাণিজ্য একেবারে রহিত হইল এবং যে চীনীয়েরা ঐ বাণিজ্যে প্রবৃত্ত হইয়াছিলেন তাঁহারা ঐ বাদশাহের ক্রোধাগ্নিভয়ে পলায়ন করিলেন। এইক্ষণে কেহ২ এমত অপেক্ষাতেও আছেন যে ইহার পূর্ব্বে এই বিষয়ে যেমত অন্যান্য ঘোরতর মেঘ উপস্থিত হইয়া উড়িয়া গিয়াছে ত

# SUMACHAR DURPUN.

SATURDAY, 17TH DECEMBER, 1836.

## *Appeals to the King in Council.*

Some little time ago a new arrangement was made by Parliament, regarding the appeals which were sent to the King in Council from this country, by which the decision of them was greatly expedited. Under this arrangement we believe that more causes have been decided during the last three years, than in any preceding twenty years. We now learn from an advertisement which appears in our first column, that an Agency has been established for still farther facilitating the prosecution of appeals to England; and that the individual who claims the patronage of the community, has already been very successful in the management of the appeals which had been entrusted to him. Thus one of the greatest difficulties which the Natives experience in the matter of appeals is in a great measure removed, and the path to the Court of final appeal rendered straight and easy.

## *China.*

The *Cowasjee Family* has just arrived from China bringing very disastrous intelligence. Our readers may remember, that some little time ago communications passed between the Imperial Court of Pekin and the Government of Canton, respecting the admission of opium into the empire upon the payment of a duty; and it was expected that on the 1st of January it would be made lawful to import opium into China. But the state of things is materially changed. It seems that some Mandarin in Pekin has entirely turned the King's mind, and that instead of issuing an order to permit the trade and the use of opium, he has sent down an order to prohibit the trade altogether, and to inflict severe punishment upon all those who are engaged in it. The consequence of this is that from the beginning of November last all dealings in opium had entirely ceased, and those Chinese who were engaged in it had absconded for fear of the imperial displeasure. It was expected by some that this

ধনপূর্ব্বক কহিলেন যে তোমারদের প্রত্যেকের ৪০ টাকা করিয়া জরীমানা দিতে হইবে।

### মাকিণ্টস কোম্পানির ব্যাপার।

মাকিণ্টস কোম্পানির মোকদ্দমাতে শ্রীযুত আদবোকেট জেনরল সাহেব দরখাস্ত করেন যে শ্রীযুত আর সি জিনকিন্স সাহেবকে ঐ ইষ্টেটের আসৈনির কার্য্যভারহইতে মুক্ত করা যায় তাহাতে শ্রীযুত জিনকিন্স সাহেব ইঙ্গলণ্ডে গমনোদ্যোগী আছেন ইহা বিজ্ঞবর শ্রীযুত কৌন্সেলি সাহেব কহিয়া শ্রীযুত হলরাইড সাহেবের সুকৃতিপত্র উপস্থিত করিলেন ঐ পত্রে লেখেন উক্ত ইষ্টেটের বিষয় প্রায় তাবৎ নিষ্পত্তি হইয়াছে এবং অক্তোবর মাসের শেষপর্য্যন্তের আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

তাহাতে শ্রীযুত চীফ জুষ্টিস সাহেব বিবেচনা করিলেন যে ইহা হইতে পারে না যেহেতুক আসৈনি সাহেব কর্ম্মহইতে মুক্ত না হওনপর্য্যন্ত ইষ্টেটের উপর তাঁহার পরাক্রম থাকে অতএব তিনি হুকুম করিলেন যে ইনশালবেণ্ট আদালতের আগামি বৈঠকের দিবসে তাবৎ হিসাব দাখিল করিতে হইবে। তৎপরে উক্ত সাহেবের মুক্তহওনবিষয়ে হুকুম দেওয়া যাইতে পারে।

### এক্সচেঞ্জের নিয়ম।

লণ্ডননগরস্থ কোম্পানির দপ্তরহইতে গত ১৭ আগস্ত তারিখে এমত ইশতেহার দেওয়া গেল যে ঐ দপ্তরহইতে ভারতবষে প্রেরিত হুণ্ডীসকল কোম্পানির টাকাতে লিখিত হইবে এবং কলিকাতার গবর্ণমেণ্টের প্রতি ইঙ্গলণ্ডস্থ কোম্পানি যে হুণ্ডীর বরাৎ দিবেন তাহা অন্য হুকুম না হওনপর্য্যন্ত কোম্পানির টাকাপ্রতি ১ সিলিং ১১ পেন্সের হিসাবে দেওয়া যাইবে।

### জয়পুর।

কথিত আছে যে দেবসার নিকটবর্ত্তি জঙ্গলে সংপ্রতি কতক ধন প্রাপ্ত হওয়া গিয়াছে। ঐ সম্পত্তি যোধারামের এমত অনুভব করা গিয়াছে পরে জয়পুরের মন্ত্রী তৎক্ষণাৎ অত্যুদ্যমপূর্ব্বক তাহা আক্রমণ করিয়াছেন।

এইক্ষণে জয়পুরহইতে আগত সম্বাদদ্বারা নীচে লিখিতব্য বিষয় অবগত হওয়া গেল।

গত ২৫ নবেম্বর তারিখে দেওয়ান অমর চাঁদ ও হিদাবল খাঁ কারাবদ্ধ এই দুই ব্যক্তিকে ফাঁসি দেওয়া গিয়াছে ইহারা আপনারদের অপরাধের বিষয়ে যাহা কবুল করিয়াছিল তদপেক্ষা আরো অধিক কবুল করে এ নিমিত্ত কিছুকাল তাহারদের ফাঁসি দেওয়া স্থগিত ছিল।

ঐ নগরস্থ প্রাচীরের বহির্দ্দিগে তাহারদের প্রাণদণ্ড করা গেল। ঐ প্রাণদণ্ডসময়ে আগন্তুক উৎপাতবারণার্থ সৈন্যের আবশ্যক হইত পারে বুঝিয়া রাজকীয় সৈন্যেরা তথায় উপস্থিত ছিল এবং নগরস্থ কএক সহস্র লোক ফাঁসি দেখিতে আসিয়াছিল। পরে ফাঁসি কাষ্ঠহইতে শব নামাইয়া তদীয় আত্মীয় স্বজনকে দেওয়া গেল

যদ্যপি অপরাধিরদিগকে স্বং অপরাধ স্বীকার করাইবার নিমিত্ত কোন উদ্যোগ করা যায় নাই তথাপি দেওয়ান অমর চাঁদ স্বাপরাধ স্বীকার না করিয়া দণ্ডী হন নাই বরং যখন শুনিলেন যে তাঁহার ফাঁসি দেওনের হুকুম হইয়াছে এবং অবিলম্বে নিশ্চয়ই ফাঁসি দেওয়া যাইবে তখন এই কএক কথা কহিলেন যে আমার কপালে যাহা লেখা ছিল তাহাই করিয়াছি আমি অপরাধী বটি ফাঁসি দিতে পারেন।

ed Judge then addressing the prisoners, namely, the three Naibs, sentenced each of them to pay a fine of 40 Rupees.

### *In the matter of Mackintosh and Co.*

The Advocate General applied for the discharge of Mr. R. C. Jenkins from his joint assigneeship in this estate. The learned Counsel stated that Mr. Jenkins was about to proceed to England, and put in the affidavit of Mr. Holroyd, which set forth that the estate was nearly wound up, and that the assignees' accounts were filed up to the end of October.

The Chief Justice thought this was not sufficient. The assignee has power over the estate until the time of his discharge, and therefore the accounts ought to be filed up to the date of his discharge. He would, however, make an order nisi, further accounts to be filed and rule to be made absolute next Court day.

### *Bills of Exchange.*

A notification, dated, East India House, August 17th, announces that Bills of Exchange upon India will be drawn in the Company's Rupees, and that the rate of exchange at which the Court will receive cash for such bills will be, for bills upon Bengal 1*s.* and 11*d.* the Co's. Rupee until further notice.

### *Jeypore.*

It is stated that a quantity of treasure had been discovered in the jungle bordering on Dewsa, and is supposed to have been the property of Jotharam. The Jeypore ministry immediately seized on it with alacrity.

The following information from Jeypore has just been communicated to us:—

The two prisoners, Dewan Umur Chund and Hidayut Khan, were hung on the 25th Nov. The execution had been suspended in order that the criminal might have the opportunity of making known more than he had confessed.

The execution took place outside the city wall. Troops of the Raj were in attendance to preserve the peace in case of need, and several thousand spectators from the town witnessed the spectacle. When the bodies were taken down from the gibbet, they were made over to the relatives and friends of the culprits.

Though no means were used to obtain confessions from the condemned, Dewan Umur Chund did not die in the denial of his guilt; on the contrary after he had heard that his execution was authorized, and would be carried into effect without delay, he uttered the following words: "I acted as I was destined to do,—I am a guilty man, well! lead me to execution."—*Cal. Cour. Dec.* 10.

### কর্ণল কব সাহেব।

শুনিয়া অত্যন্ত খেদিত হওয়া গেল যে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের মরশিদাবাদস্থ সংপ্রতিকার এজেণ্ট কর্ণল কব সাহেব রোবার্টনামক জাহাজারোহণে ইঙ্গলণ্ডে গমনসময়ে অপস্মর রোগে লোকান্তরগত হইয়াছেন।

### ইটালির দারোগা।

খালের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান তামসন সাহেব ইটালির দারোগার নামে আদালতে এক লিপি প্রেরণ করিয়া এই নালিস করেন যে আমার হুকুমক্রমে যে প্রায় ১০০ নৌকা আটক ছিল ঐ দারোগার হুকুমক্রমে দুই জন জমাদার ২৫ জন লোক হামরাও লইয়া ঐ সকল নৌকা ছাড়িয়া দেন। আরো লেখেন যে তাহার দুই দিবসপূর্ব্বে নূতন বালিয়াঘাটার নিকটে তিন শতেরো অধিক লোক একত্র হইয়া ঐ নূতন খালের মাসুল উসুলের বাধা জন্মাইয়াছে।

### বর্দ্ধমান।

গত ২৫ নবেম্বর তারিখে গোবিন্দ দাস ও গুরুচরণ দাসনামক দুই জন বন্দুয়ান যে কারাগারে বদ্ধ ছিল তাহার দ্বারের খিল উখার দ্বারা কাটিয়া পলায়ন করিয়াছে কিন্তু তাহারা উখা কোথায় পাইয়াছিল তাহার অনুসন্ধান পাওয়া গেল না। তৎপরদিবসে শ্রীযুত জাইণ্ট মাজিস্ত্রেট সাহেব তদ্বিষয়ে যথার্থ তজবীজ করিয়া ঐ জেহলের দারোগা ও দফাদার ও বরকন্দাজেরদিগকে বরতরফ করিলেন।

### নূতন আড়কাটি হাহাজ।

সংপ্রতি গবর্ণমেণ্টের কার্য্যার্থ এতদ্দেশীয় নদীতে গমনাগমন নিমিত্ত বোম্বাইর বন্দরে তিন খান আড়কাটি জাহাজ নির্ম্মিত হইয়াছে যেহেতুক উক্ত বন্দরে জাহাজ নির্ম্মাণোপযুক্ত কাষ্ঠাদি অন্যান্য দেশহইতে উৎকৃষ্ট এবং মজুরী খরচও অত্যল্প লাগে। ঐ জাহাজের নাম এই২। মেঘনা ও সাগর ও খাজুরী।

### গুমশূর।

সম্প্রতি গুমশূরহইতে আগত সম্বাদপত্রে লেখে যে রাজবিদ্রোহী তত্রস্থ খন্দ জাতীয়েরা অতিস্থিরপ্রতিজ্ঞাপূর্ব্বক যুদ্ধ করিতেছে। ঐ যুদ্ধে তাহারদের কএক জন সরদার হত হইয়াছে কিন্তু ইঙ্গলণ্ডীয়েরদের পক্ষে এক জন অশ্বারোহি সৈন্য ও এক জন ধোবীমাত্র হত হইয়াছে। ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের বাহক বলদাদির অভাব হইয়াছিল কিন্তু সৌভাগ্যক্রমে যে কএকটা হস্তী ও অন্যান্য পশু কুরুগীয় শ্রীযুত রাজার সঙ্গে বারাণসীতে গমনপূর্ব্বক এইক্ষণে দক্ষিণ দেশে ফিরে আসিতেছিল তাহারা সেইস্থানে পঁহুছিল এবং তৎক্ষণাৎ ঐ সকল পশু সৈন্যেরদের প্রয়োজনার্থ নীত হইল।

### ইউফ্রেটিস জাহাজের কল ভগ্নহওন।

শুনিয়া অত্যন্ত খেদিত হওয়া গেল যে ইউফ্রেটিসনামক বাষ্পীয় জাহাজ ফ্রাৎ নদীর উজানে যাইতেছিল তাহার কল ভগ্ন হওয়াতে বছরাতে শ্রীযুত কর্ণল চেসনি সাহেবের প্রত্যাগমন করিতে হইয়াছে ঐ জাহাজের দ্বারা লণ্ডননগরে যে ডাকপুলিন্দা প্রেরিত হয় তাহা এইক্ষণে স্থলপথে প্রেরণ করা গিয়াছে।

### পারসদেশীয় যুবরাজেরা।

পারসদেশীয় যে শ্রীযুত যুবরাজেরা ইঙ্গলণ্ডের শ্রীলশ্রীযুত বাদশাহ ও কুলীনগণকর্ত্তৃক অতিসমাদরে গৃহীত হইয়াছিলেন তাঁহারা এইক্ষণে ইস্তাম্বুল নগরের পথদিয়া বছরাতে প্রত্যাগমন করিতেছেন

### *Col. Cobbe.*

We regret to perceive, that Col. Cobbe, the late Agent to the Governor General at Moorshedabad, died on his way home on board the *Robarts*, of apoplexy.

### *Entally Daroga.*

Captain Thompson, Superintendant of Canals, complained by letter to the Court, against the Entally Daroga, for issuing an order, in consequence of which two jemadars, assisted by 25 men, released about 100 boats detained by the Captain's order; and the same letter stated, that two days previously, no less than 300 men assembled near new Ballia Ghat, and resisted the collection of the new toll.

### *Burdwan.*

On the night of the 25th of November last, two prisoners, named Gobind Doss and Gooroochurun Doss, made their escape from the jail, by cutting the bar of iron with which the door was fastened with a steel file, which, it could not be discovered how they obtained. The day following, the Joint Magistrate, after due investigation into the affair, dismissed the daroga, the duffadar, and the burkundauzes of the jail from the service.—*Hurk.*

### *New Pilot Vessels.*

Three pilot vessels, intended for service in this river, have been built for the use of Government at the Port of Bombay, where both the materials are cheaper and the price of building is lower. The vessels are called respectively the *Megna*, the *Saugor*, and the *Kedgeree.*

### *Goomsoor.*

The latest accounts from Goomsoor state, that the Khonds fight very hard, that several of their chiefs had been killed, but that on the side of the English, only one trooper had been killed as well as a dhobee. The English troops were exceedingly in want of cattle; fortunately the elephants and other cattle which had conveyed the Coorg Raja to Benares, were about this time returning to the Deccan, and were immediately taken charge of for the use of the force.

### *Euphrates Expedition.*

We are sorry to learn that the Engine in the *Euphrates* Steamer which was proceeding up the river Euphrates, having been fractured, Colonel Chesney had been obliged to return to Bussorah. The mails for London which were sent by this opportunity, were forwarded by land.

### *The Persian Princes.*

The Persian Princes, who have been residing for some time in England, and who have been entertained with the greatest magnificence by the King and by the nobility, were about to return to Bussorah by way of Constantinople. The latest accounts from Constantinople is

পরে ইস্তাম্বুল নগরহইতে সম্প্রত্যাগত সম্বাদে লেখে যে তাঁহারা উক্ত স্থানে পঁহুছিয়াছেন।

---

শ্রীযুত কাপ্তান বর্ণিস সাহেবের সমভিব্যাহারি উকীলেরা গত শনিবার রজনীতে বোম্বাইহইতে মাণ্ডবীতে যাত্রা করিলেন বোধ হয় যে তাঁহারদের কেহ২ মাণ্ডবীহইতে স্থলপথে সিন্ধুনদীর তটস্থ হয়দরাবাদে গমন করিবেন অন্যান্যেরা জলপথে করাচি ও সিন্ধুনদীদিয়া তথায় পঁহুছিবেন। তাঁহারদের সমভিব্যাহারে গমনার্থ এক জন চিকিৎসক সাহেবকে মনোনীত করণবিষয়ে তদানীং কিছু বিঘ্ন হওয়াতে চিকিৎসক সঙ্গে না লইয়াই গমন করিতে হইয়াছে। কিন্তু বোধ হয় কচ দেশে ঐ জাহাজের অবস্থানসময়ে এক জন চিকিৎসক সাহেব মনোনীত হইয়া উক্ত স্থানে তাঁহারদের সঙ্গে মিলিতে পারেন।

---

সিন্ধু নদীর তটস্থ হয়দরাবাদ।

শিকজাতীয়েরদের প্রতি প্রহরিতাকরণ ও ভয় প্রদর্শনার্থ উক্ত নগরান্তঃপাতি অধিকারের সীমাতে ত্রিশ সহস্র লোক নিযুক্ত করা গিয়াছে যেহেতুক পঞ্জাবের মধ্যে ঐ শিকজাতীয়েরদের অত্যন্ত প্রাদুর্ভাব হওয়াতে হয়দরাবাদস্থ দীনদরিদ্র অবোধ লোকেরা মহাভাবিত হইতেছে।

---

[পত্রপ্রেরকের স্থানে প্রাপ্ত।]

শ্রীলশ্রীযুত দি রাইট আনরবল লার্ড অকলণ্ড ভারতবর্ষের গবর্নর্ জেনরল বাহাদুর পত্রিকা

শ্রীযুত রাজা কালীকৃষ্ণ বাহাদুর প্রতি।

গবর্ণমেণ্ট হৌস ২৯ নবেম্বর ১৮৩৬।

মম্মিত্র মহাশয়।

আপনকার অনুবাদিত গ্রন্থচয় বাধ্যতাজনক উপঢৌকন স্বরূপ প্রাপ্ত হইয়া ধন্যবাদ করিতেছি।

আমি উহা আহ্লাদপূর্ব্বক গ্রহণ করিলাম এবং তোমার এমত বিদ্যোপার্জন বিষয়ে যত্ন দেখিয়া আর ইঙ্গরেজী শাস্ত্র বিদ্যাধ্যাপনে আনন্দিত হইলাম।

স্বাক্ষরিত অকলণ্ড।

---

আমরা আহ্লাদপূর্ব্বক প্রকাশ করিতেছি যে ফ্রান্স রাজ্যের শ্রীলশ্রীযুত বাদশাহ মহাসম্ভ্রমপ্রদায়ক এক স্বর্ণমুদ্রা অনুগ্রহ বিস্তারে শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুরকে প্রদান করিয়াছেন। ইহার একদিকে শ্রীশ্রীযুত বাদশাহের প্রতিমূর্ত্তি এবং লুইস ফিলিপ প্রথম ফ্রান্স দেশের বাদশাহ। অন্য দিগে ফ্রান্স রাজ্যের শ্রীলশ্রীযুত বাদশাহকর্ত্তৃক শ্রীযুত রাজা কালীকৃষ্ণ প্রতি প্রদত্ত হইল ১৮৩৬। ইহা উত্তমাক্ষরে খোদিত আছে।

উক্ত বাদশাহী হার এবং শ্রীশ্রীযুতের কিরীটাঙ্কিত প্রদান মোহরযুক্ত ফ্রেঞ্চ ভাষাভাষিত রাজলিপি শ্রীশ্রীযুত বাদশাহের উকীল সাহেব দ্বারা রাজা বাহাদুর প্রাপ্ত হইয়া বিশেষ সমাদরপূর্ব্বক তাঁহার সহিত আলিঙ্গনকরত ব্যক্ত করিলেন যে এতদ্রাজচিহ্ন প্রাপ্তিহেতুক সম্বর্দ্ধিতসূচক বাদশাহের সন্নিধানে প্রেষণ কারণ এক প্রত্যুত্তর পত্র অগৌণে তাঁহার নিকট প্রেরিত হইবে। এবং তিনি যে অতিসৌহার্দ প্রকাশে শ্রীশ্রীযুতের আদেশে মহারাজদত্ত অতিমর্য্যাদাদায়ক ঐ চিহ্ন আনয়নে ভার গ্রহণ করিয়াছেন ইহাতে রাজা বাহাদুর স্বীয় বাধ্যতাজনক বক্তৃতা করিলেন।

তৎসমকালে উপস্থিত সাহেবলোকেরা রাজা বাহাদুরকে ধন্যবাদ করিয়া তন্মঙ্গলোদ্দেশে বন্দনা করিলেন।

fact state that they had arrived at that city.

---

*Mission to Cabul.*

The mission under Captain Burnes left Bombay for Mandavie on Saturday night. From the latter place, we believe, some of the party will go overland to Hyderabad, while the rest will proceed to it by sea, via Curatchee and the Indus. Some difficulty has been experienced in selecting a medical officer to accompany the expedition, and it started without any; but will probably be overtaken by the one who may be appointed to the situation during the stay that will be made in Cutch.—*Engl.*

---

*Hydrabad, on the Indus.*

Thirty thousand men have been stationed on the boundaries of the territory subject to this town, to watch and intimidate the Sikhs, whose progress in the Punjab is exciting considerable attention among these poor people, who know no better.

---

[From a Correspondent.]

*From the Right Honourable Lord Auckland, Governor General of India, &c. &c. to the Raja Kalee Krishna Bahadoor.*

*Government House, Nov. 29, 1836.*

My Dear Sir,

I have to thank you for the obliging present of your Translations.

I accept them with pleasure, and am glad to find, that you so earnestly apply yourself to the acquisition and to the dissemination of English literature.

I am, most faithfully yours,
(Signed) AUCKLAND.

---

With great pleasure, we have to announce, that His Majesty the King of the French, has graciously been pleased to bestow upo nMuha Raja Kalee Krishna Bahadoor a large Gold Medal of honour, bearing on obverse, His Majesty's respected Miniature, and the words "Louis Philippe 1. Roi des Francais." On reverse, "Donué Par Le Roi des Francais à Radjah Kalikrischna, 1836."

The said Royal gift, that accompanied with a letter in the French language, written on the part of the King, under the seal of the Crown, have been lately delivered to the Muha Raja by His Majesty's Envoy, who, on receiving them embraced with the Ambassador, and expressed his high obligations to him, for this taking charge of the Royal favour; and that he will hereafter forward to him his grateful and humble acknowledgement of the same, for the purpose of forwarding to the King.

The Gentlemen that were present then, praised highly, and congratulated the Raja on the occasion.

## বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

---

বীরভূমের অন্তঃপাতি কিউগ্রামনিবাসি শ্রীযুত মহারাজ বনআরিলাল।

অতিবিখ্যাত শ্রীযুত মহারাজ বনআরিলাল যে সাধারণের বিদ্যাভ্যাসার্থ বহুসংখ্যক ধন বিতরণ করিয়াছেন তাহা সর্ব্বসাধারণ লোকের অগোচর নাই এবং এই কারণ আমি পূর্ব্বাবধিই তাঁহাকে অত্যুত্তম ব্যক্তি বলিয়া জানিতাম পরে বীরভূমে গিয়া আরো শুনিলাম ঐ মহাশয় সর্ব্বসাধারণের উপকারার্থ নিজ ব্যয়ে সিকুরিঅবধি কাটরাপর্য্যন্ত বিংশতি ক্রোশ ব্যাপক এক পাকা রাস্তা প্রস্তুত করিবেন এনিমিত্ত বীরভূমের মাজিস্ত্রেট শ্রীযুত মণি সাহেবের নিকট আবেদন করিয়াছেন এই রাস্তার মধ্যে যদ্যপি নদী খাল পতিত হয় তবে রাজার মানস তাহার উপরেও সাঁকো করিয়া দিবেন এইক্ষণে মাজিস্ত্রেট সাহেবের নিকট প্রার্থনা কর্ম্মনির্ব্বাহার্থ সাহেব কয়েদি লোকেরদিগকে আজ্ঞা করেন তাহারা যত দিবস কর্ম্ম করিবে রাজাই তারদিগের আহারাদি প্রদান করিবেন।

এই বিষয়ে কমিস্যনর সাহেবের মত জানিবার নিমিত্ত মাজিস্ত্রেট সাহেব তাঁহার নিকট রিপোর্ট করিয়াছিলেন তাহাতে কমিস্যনর শ্রীযুত ওয়ালটর সাহেব আহ্লাদপূর্ব্বক রাজার প্রার্থনা গ্রাহ্য করিয়া তাঁহাকে ধন্যবাদ পত্র লিখিয়াছেন।

আমার বোধ হয় রাস্তা নির্ম্মাণ আরম্ভ হইয়া ক্রমিক চলিতেছে এবং ভরসা করি শীঘ্রই শেষ হইবে।

আমি আরো এক বিষয়ে আশ্চর্য্য জ্ঞান করিতেছি শ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক এক আইন করিয়াছিলেন যাঁহারা খাল রাস্তা সাকোঁ ইত্যাদি করিতে প্রস্তুত আছেন তাঁহারদিগের উৎসাহ বৃদ্ধি নিমিত্ত মফঃসলের সাহেবেরা গবর্ণমেণ্টের নিকট ঐ সকল ব্যক্তিরদিগের নাম লিখিয়া পাঠাইবেন কিন্তু ঐ ব্যবস্থার পুস্তকেই লেখা রহিয়াছে মফঃসলের সাহেবেরা এপর্য্যন্তও তদনুসারে কার্য্য করেন নাই।—জ্ঞানান্বেষণ।

---

শ্রীযুত জ্ঞানান্বেষণ সম্পাদকমহাশয়েষু।

এই রাজধানীর মধ্যে যে বৃহস্পতিবার সন্ধ্যার পর বঙ্গভাষা প্রকাশিকানামক সভা হইয়া থাকে আমার বোধ হয় তাহা অবিদিত নাই পূর্ব্বে এই সভার লোক সংখ্যা যেরূপ ছিল আমি গত বৃহস্পতিবারে দেখিলাম তদপেক্ষা দশ গুণ বৃদ্ধি হইয়াছে ঐ রাত্রিতে প্রথমত কতিপয় সভ্যের আগমনান্তর শ্রীযুত বাবু কালীনাথ রায় ও শ্রীযুত বাবু রামলোচন ঘোষ এবং পূর্ণচন্দ্রোদয়সম্পাদক ও প্রভাকর সম্পাদকপ্রভৃতি অনেক ভদ্র লোক আসিলে পর সভার কার্য্যারম্ভ হইল অনন্তর সভাপতি শ্রীযুত গৌরীশঙ্কর তর্কবাগীশ বিবিধ বক্তৃতাপূর্ব্বক পূর্ব্ব সপ্তাহে স্থিরীকৃত প্রস্তাব সকলকে জ্ঞাপন করিলেন সে প্রস্তাব এই যে দুঃখহইতে সুখজন্মে কি সুখহইতে দুঃখ উৎপন্ন হয় তাহাতে শ্রীযুত বাবু রামলোচন ঘোষ কহিলেন এই প্রশ্নের উত্তরে শেষ অদৃষ্ট পর্য্যন্ত মানিয়া ধর্ম্ম বিষয়ে বিচার করিতে হইবেক কিন্তু সভার দশম নিয়মে লিখিত আছে বঙ্গভাষা প্রকাশিকা সভাতে ধর্ম্মবিষয়ক বিচার হইবেক না অতএব আমার বোধ হয় এই প্রস্তাব ঘটিত বিচার না করিয়া নীতি এবং রাজকার্য্যাদি সংক্রান্ত বিষয় যাহাতে আমারদিগের ইষ্টানিষ্টের সম্পর্ক আছে তাহা বিবেচনা করিলে দেশের অনেক উপকার হইবেক ইহাতে শ্রীযুত বাবু কালীনাথ রায় ও শ্রীযুত বাবু মহেশ চন্দ্র সিংহ পোষকতাবিষয় নানা দৃষ্টান্ত দর্শাইয়া যেরূপ বক্তৃতা করিলেন তাহা

## Spirit of the Native Papers.

From a Correspondent.

*Raja Banwarilaul of Kewgong in Zillah Beerbhoom.*

The name of this individual has long been before the public as the noble donor of a large sum of money for the purposes of education. A knowledge of this circumstance had already prepossessed my mind in his favour, when I heard during my residence in Beerbhoom of a proposal made by him to the Magistrate of that Zillah, Mr. Money, equally generous and public-spirited. He offered to construct a pucka road from Sewry to Cutwa on the Ganges, a distance of about 40 miles or upwards, at his own expence, and throw bridges over the streams that intersect the line of the road, provided the Magistrate would allow gangs of prisoners to work on the projected road, to be fed and clothed by him while thus engaged.

The Magistrate reported the circumstance for the information and sanction of the late Commissioner of the Division, Mr. Walters, who, I am informed, approved of the Raja's proposition without hesitation, and wrote to him a letter of commendation.

I should hope the Raja has ere long commenced operations, and that the work is progressing and will be speedily brought to its completion.

I cannot help expressing my wonder here, that although there is to my knowledge a Regulation of Government introduced, I believe, by Lord William Bentinck, for bringing to public notice and commendation, Zemindars and other landholders, who are foremost in the improvement of the country, by erecting bridges, cutting nullahs, &c. no measure should have been of late taken by the officers of Government to prevent the Regulation just quoted from being a dead letter.—*Gyan.*

---

*To the Editor of the Gyananneshun.*

SIR,—Perhaps your readers are aware that there is a Society in this Metropolis, called the *Bungo Bhasha Prakasika*, the meetings of which are held every Thursday evening. The number of members present on Thursday last, exceeded ten times that of any former meeting. After the arrival of some of the members in the Subha on that evening, Baboos Kaleenath Roy, Ramlochun Ghose, the editors of the *Poornochundrodoy* and *Probhakur*, and several other respectable persons made their appearance, when the business of the meeting was opened by the President, Gooreesunker Turkobagees, who after an eloquent speech gave the question for discussion fixed in the previous meeting viz. "Whether Prosperity proceeds from adversity or adversity follows Prosperity." Baboo Ramlochun Ghose observed, that to give an answer to this question it was necessary to discuss about fate and religion, but as this was not allowed in the 10th regulation of the Club, he proposed that the subject had better be dropped and the attention of the members directed to moral and political subjects connected with their welfare, the discussion of which would benefit the country. This proposal was seconded by Baboos Kaleenath Roy and Muheshchunder Sing, who supported it with great many examples and with such eloquence, as

শ্রবণে সভাময় ধন্যবাদ ধ্বনি উপস্থিত হইল তৎপরে শ্রীযুত বাবু কালীনাথ রায় কহিলেন রাজসংক্রান্তাদি বিবিধ বিষয় যাহাতে দেশের অনিষ্ট হইতেছে তর্কদ্বারা স্থিরীকৃত হইলে এই সভাই তাহা নিবারণের চেষ্টা করেন অতএব এমত নিয়ম স্থির করা যায় যে রাজদ্বারে আবেদন বা অন্য উপায় যাহাতে দেশের অনিষ্ট নিবারণ হয় বঙ্গভাষা প্রকাশিকা মনোযোগপূর্ব্বক তাহা করিবেন ইহাতে সকল সভ্য ঐ বাবুকে ধন্যবাদপূর্ব্বক স্বং সম্মতি জ্ঞাপন করিলেন অনন্তর সভা সম্পাদক শ্রীযুত দুর্গাপ্রসাদ তর্কপঞ্চানন পূর্ব্ব স্থিরীকৃত নিয়মাদি পাঠ করিয়া ঐ নিয়ম পুস্তকে লিখিলেন।

পরে শ্রীযুত বাবু রামলোচন ঘোষ কহিলেন ইঙ্গলণ্ডীয় লোকেরদের সভাতে সভ্যেরা চৌকীতে উপবিষ্ট এবং মধ্যস্থলে টেবিল রাখিয়া থাকেন আর সভ্যেরা গাত্রোত্থানপূর্ব্বক বক্তৃতা করেন তবে এসভাতে সেরূপকরণের বাধা কি ইহাতে শ্রীযুত পূর্ণচন্দ্রোদয়সম্পাদকের সহিত অনেক তর্ক বিতর্কের পর সকল সভ্যেরাই স্থির করিলেন চৌকীতে উপবিষ্ট হইয়া গাত্রোত্থানপূর্ব্বক বক্তৃতা করিতে হইবেক ইহাতে সভাপতি কহিলেন এই সভার আরম্ভ মাত্র হইয়াছে কিঞ্চিদ্ধন সঞ্চিত নাই এবং সভাতে উপস্থিত ব্যক্তিরদিগের মধ্যে অনেকে নির্দ্ধন তবে ইহার ব্যয় নির্ব্বাহ কিরূপে হইবেক তাহাতে শ্রীযুত বাবু কালীনাথ রায় ও শ্রীযুত বাবু প্যারিমোহন বসু ও শ্রীযুত বাবু মহেশচন্দ্র সিংহ অতিসদ্বক্তৃতাপূর্ব্বক ব্যক্ত করিলেন ব্যয় সাধ্য কার্য্যের ভার ধনি লোকেরাই গ্রহণ করিবেন ইহার পরে অনেক বিষয়ে বহু সভ্যের বক্তৃতার পর শ্রীযুত বাবু রামলোচন ঘোষ কহিলেন সংপ্রতি শাসনকর্ত্তারা নিষ্কর ভূমির কর স্থাপন আরম্ভ করিয়াছেন অতএব আগামি সভার বিবেচনার্থ এই প্রশ্ন স্থির করা যায় যে রাজকর্তৃক নিষ্কর ভূমির কর গ্রহণ উচিত কি না তাহাতে শ্রীযুত বাবু কালীনাথ রায়ের ও সভাপতির পোষকতানুসারে সকল সভ্যই সম্মত হইলেন এবং সভার নিয়মানুসারে চারি ব্যক্তির প্রতি উত্তর লিখনের ভারার্পণ হইল অনন্তর দশ ঘণ্টা রাত্রির পর সভা ভঙ্গ করিলেন।—জ্ঞানান্বেষণ।

দর্শক।

## প্রেরিত পত্র।

শ্রীযুত দর্প্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

কস্যচিৎ বঙ্গদেশনিবাসিন ইতিস্বাক্ষরিত আপনকার পত্রপ্রেরক গত সপ্তাহের দর্পণে স্ত্রীলোকের মুক্ত থাকনবিষয়ে বিলক্ষণরূপ লিখিয়াছেন তাঁহার বোধ আছে যে এই অতিসুখজনক দেশে স্ত্রী লোকেরা বদ্ধ না থাকিলে মনুষ্যেরা পশুত্ব প্রাপ্ত হইবেন। যদ্যপি স্ত্রী লোকেরদের অমান্য না করিলে মনুষ্যের গৌরব সম্ভবে না তবে পৃথিবীর প্রভু মনুষ্যের দিগকে কহিতে পারি যে তাঁহারদের গৌরবা গৌরবেতে আমারদের কি ক্ষতি বৃদ্ধি আছে। শারীরিক বলবিষয়ে বিবেচনা করিতে হইলে সুতরাং মনুষ্য প্রবল বটে কিন্তু আমারদের পক্ষে ন্যায় ও যথার্থ সদ্বিচার আছে অতএব যদিস্যাৎ আমারদের স্বাধীন হওনবিষয়ে বিবাদ করিতেই হয় তথাপি আমারদের তাহাতে কিছু ভয় নাই। পুনশ্চ আপনকার পত্রপ্রেরকের প্রতি কহি যে তিনি স্বীয় স্ত্রীরদের বিষয়ে সাবধান হন কি জানি তাঁহারা আমারদের ন্যায় পাছে অবাধ্যা হন এবং ঐ পত্রপ্রেরকের প্রতি আমরা এই নিবেদন করি যে তিনি ঐ পত্রে যে২ উক্তি প্রকাশ করিয়াছেন তাহাতে বিলক্ষণ মনোযোগপূর্ব্বক বিবেচনা করেন তাঁহার অবশ্যই স্বীকার করিতে হইবে যে যাঁহার উত্তম বিদ্যা ও দিগ্দর্শিতা আছে এমত ব্যক্তি মূর্খ ব্যক্তিঅপেক্ষা মিত্র ও আলাপ্য। যদি স্ত্রীলোকের বিষয়ে এমত বিবেচনা করেন তবে আর কোন কথাই থাকে না তিনি কি জানেন না যে অতিশ্রান্ত ব্যক্তি সমস্ত দিন পরিশ্রম করিয়া যখন স্বীয় বাটীতে প্রত্যাগমন করেন তখন তাঁহার কোন বিশ্রামাদি না করিয়াই বাটী স্ত্রীলোকেরদের মিথ্যা ঝকড়া কলহ ইত্যাদি শুনিতে হয়। সকল পরিবারের মধ্যেই কি এমত নাই তিনি কি জ্ঞাত নহেন যে বিবাহ বিষয়ে যাঁহারদের ক্ষতি বৃদ্ধি তাঁহারদের মনোনীত ও ইষ্টবিষয় বিবেচনা না করিয়া বিবাহ করিতেই হয়। এবং স্ত্রীর সঙ্গে যথেচ্ছ আলাপ করাতে নিষেধ আছে ইত্যাদি কারণপ্রযুক্ত এতদ্দেশের প্রায় তাবৎ যুব জন লম্পট হন এবং স্বীয় বাটীতে তাঁহারা যে সুখ প্রাপ্ত হইতে পারেন না সেই সুখ তাঁহারা বেশ্যালয়ে গিয়া পাইতে ইচ্ছা করেন। স্বামী ইহা সুজ্ঞাত আছেন যে অধিক রাত্রি না হইলে স্বীয় স্ত্রীর সঙ্গে আলাপাদি করিতে পারেন না এ কি অবিবেচনীয় নিয়ম। এইক্ষণে অনেক শিষ্ট শিষ্ট হিন্দুরদের পরিজনের মধ্যে বিদ্যোপার্জন হওয়াতে সেই২ স্থলের মেঘান্ধকার জ্ঞানসূর্য্যোদয়ে বিধ্বংস হইয়া স্ত্রীলোকের বদ্ধ থাকনেতে অতিক্লেশ বোধ হইতেছে। আমরা এই বিষয়ে সম্পূর্ণরূপ এক গ্রন্থ লিখিতে পারি কিন্তু যে যৎকিঞ্চিৎ লেখা গেল তাহাতেই বশ্ আছে। ইতিমধ্যে আপনকার অতিবুদ্ধিমন্ত পত্রপ্রেরক স্বীয় সুচারু নিয়মেতে ইহকালে ও পরকালে মনুষ্য জাতীয়ের সুখের কিপর্য্যন্ত ব্যাঘাত জন্মিতেছে তাহা বিবেচনা করুন।

চুঁচুড়াবাসি স্ত্রীগণস্য।

চুঁচুড়া ১২ দিসেম্বর।

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

এতদ্দেশীয় এক ব্যক্তি বারম্বার অত্যপমানপূর্ব্বক সেরেস্তাদারী কর্ম্মহইতে তগীর হইলে পরও সৌভাগ্যক্রমে সারণের কালেকটর সাহেবের অধীনে তৎকর্ম্মে যে নিযুক্ত হইয়াছিলেন এই বিষয়ে এবং বর্দ্ধমানের রাজার উপরে গবর্ণমেণ্টের বহুকালাবধি যে দাওয়া আছে তদ্বিষয়ে আপনকার উদ্যোগক্রমে বঙ্গদেশের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের দৃক্পাত হইয়া সদর বোর্ডের রেবিনিউ সাহেবেরদের প্রতি ঐ উভয় বিষয়ের রিপোর্ট দেওনেরও হুকুম হইয়াছিল কিন্তু অতিমহাভারি বিষয় যেমন ধীরে২ চলে তেমন এই অতিগুরুতর বিষয়ও অতিমন্দ২ চলিতেছে অতএব যদ্যপি শ্রীলশ্রীযুক্ত কিছু বিশেষ মনোযোগ না করেন তবে বোধ হয় ৬০।৭০ বৎসরেও এই বিষয়ের কিছু নিষ্পত্তি হইতে পারিবে না।

যে ব্যক্তি অর্থাৎ বর্দ্ধমানের কালেকটরের রিকার্ড কিপর সংপ্রতি বর্দ্ধমানের রাজার উপরে গবর্ণমেণ্টের বহুধন প্রাপ্যের বিষয় সদর বোর্ডে সম্বাদ দিয়াছিলেন তিনি গবর্ণমেণ্টের উপকার করত মারা পড়িতেছেন বিশেষতঃ শ্রীযুত প্রাণচন্দ্র বাবু তাঁহাকে বিনষ্টকরণার্থ তাঁহার উপরে যে কএক মিথ্যা নালিস করেন তদ্বিষয় বিচার হওনার্থ তিনি এইক্ষণে কারাবদ্ধ আছেন। ঐ প্রাণ বাবুর হাতে না বালগ রাজার তাবৎ সম্পত্তি আছে উক্ত বাবুর উক্ত প্রকার উদ্যোগের কারণ এই যে অন্য কোন ব্যক্তি এতদ্রূপ সম্বাদ সদরে না দেয়।

যদ্যপি এই ব্যক্তি গবর্ণমেণ্টের উপর না করিয়া উৎকোচ গ্রহণ করিতে স্বীকৃত হইতেন তবে এইক্ষণে সম্পূর্ণ ধনী হইয়া স্বচ্ছন্দ মুক্ত থাকিতেন তাঁহার স্বপ্নেও কারাবদ্ধ হইতে হইত না কিন্তু তিনি উৎকোচ গ্রহণ করিলেন না এবং রাজার অপকার্য্যসকল ব্যক্ত করিলেন এইপ্রযুক্ত তিনি ঐ বাবুর ক্রোধপাত্র হইয়া মারা পড়িতেছেন।

এইবিষয়ে আপনকার যে অনুরাগ আছে

procured for them the applause of the whole meeting. Baboo Kaleenath Roy next proposed, that in order that the *Bungo Bhasa Prukasika* do interpose when any of the acts of Government may be found injurious to the country, a resolution be taken that the Society should petition Government or take other measures with a view to prevent a national grievance. This proposal met the approbation of all the members, who gave the proposer great applause.

The Secretary, Doorgaprusad Turkopunchanun, then read out the regulations of the Society from a book and entered in it the above resolution.

Baboo Ramlochun Ghose said, that in English Societies the members take their seats in chairs round a table, and the speaker delivers his speech on his legs—was there any objection to this Subha's following the same practice? After a warm debate on this, with the Editor of the *Poornachundrodoy* in opposition, it was unanimously resolved, that they should sit in chairs and rise when speaking. The President asked how was the expence of the innovation to be met, when the Society had no funds and most of its members were poor. To this Baboo Kaleenath Roy, Peareemohun Bose, and Muhesh chunder Singh replied, that the rich members would take upon themselves to give all pecuniary aid which the Society may stand in need of. After this several members spoke on various subjects. Baboo Ramlochun Ghose said that as the Government was at present engaged in the resumption of rent-free lands, he would propose that the question for discussion in the next meeting might be "Whether the Government is justified in resuming rent-free lands?" This was seconded by Baboo Kaleenath Roy and the President, when the question was adopted by the meeting. Lastly, in accordance with the rules of the Society, four members were requested to produce essays on the above subject in the next meeting. The assembly broke up at 10 P. M.

*12th December*, 1836. *An Observer.*

## Correspondence.

*To the Editor of the Durpun.*

SIR,—Your correspondent "A resident in Bengal desirous of Justice," handles the subject of female liberty very superbly in your last number. In his eyes the men would be brought down to the level of brutes, if females were not chained down to their rooms as they are in this happy land. If the dignity of any set of men is to consist in the degradation of women (which God be praised is not the case) we would say to these tantamount lords of creation that we care very little for such men and their dignity. They are certainly the stronger of the two in point of physical force, but we have justice, equity, and even good conscience on our side; we are not therefore afraid of a rupture should it become ultimately necessary for our independence. We would also most respectfully caution your correspondent to have a watchful eye over his female relatives lest they should join in our mutiny. In earnest we entreat your correspondent to consider soberly the doctrine he has advanced. Will he not admit that a man of education and general knowledge is superior and a better companion than one, who does not possess these qualifications. Apply this to our case and the difference will be evident. Does he not know that an industrious man after toiling all day with the sweat of his brow on his return home, instead of finding that comfort, which he needs, has his ears assaulted with complaints of quarrels and broils among his females? Is this not the case in the families of all classes? Does he also not know that in consequence of marriages taking place without the choice or consent of the most interested parties, and for the severe restrictions on the enjoyment of domestic female society, almost all young men of the country are naturally led to immoral habits, because those enjoyments that are denied at home are sought by them in the houses of ill fame. The husband finds that he cannot indulge himself with the society of his wife until a stated period of the night. What an absurd notice and how irrational! Education is working its way rapidly in the families of enlightened Hindoos, and where it has already dispersed the clouds of ignorance, the want of liberty, and independence is keenly felt. We could fill a volume with other details on this head, but what has been already said will suffice for the present. Mean while leaving your wise correspondent to dwell seriously on the mischievous effects of his idolized system on the happiness of mankind not only in this, but also in the next world.

We are, yours obediently,
*The Females of Chinsurah.*

*Chinsurah, 12th Dec.* 1836.

*To the Editor of the Durpun.*

SIR,—You were successful in attracting the Governor of Bengal's attention to the nefarious good fortune with which a Native, after repeated and disgraceful dismission from the office of Sheristadar had obtained that office under the Collector of Sarun, and to the very long dormant, yet enormous claim, the Government have on the Rajah of Burdwan. The Sudder Board of Revenue were required to report on both these cases, but like all great bodies, the Sudder Board move so slowly that unless you can get his Lordship to enquire again, it may happen that the termination of these cases may not happen in this century.

The worthy individual who informed the Sudder Board of this immense claim on the Raja of Burdwan, viz. the late Record-keeper of the Burdwan Collector has fallen a victim to his zeal for the Government, and has been lodged in jail to take his trial before the Sessions Judge on charges trumped up for the purpose of satisfying the vindictiveness of Pran Baboo now in charge of all (his son's) the minor Rajah's property, and of deterring all others from similar disclosures.

Had this Native preferred the wages of corruption to serving the Government so essentially, he would now have been amply rewarded and possessing his liberty but because he could resist bribery and expose the conduct of a Rajah, he is in prison, the victim of revenge.

Surely the interest you have felt in

